



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ।

২০১৮ সালের (২০১৭-১৮ শিক্ষাবর্ষের নিয়মিত, “২০১৬-১৭, ২০১৫-১৬, ২০১৪-১৫”
শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেডউন্নয়ন) অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি :
তারিখ : ২০/০৫/২০১৮ খ্রি:।

২০১৮ সালের (২০১৭-১৮ শিক্ষাবর্ষের নিয়মিত, “২০১৬-১৭, ২০১৫-১৬, ২০১৪-১৫” শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেডউন্নয়ন) অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণ নিম্নবর্ণিত ছকে উল্লেখিত তারিখ অনুযায়ী অনুষ্ঠিত হবে। কলেজ অফিস হতে পরীক্ষার ফি জমা রশিদ সংগ্রহ করে পূর্বালী ব্যাংক, মুন্সিগঞ্জ শাখায় টাকা জমা দিতে হবে। জমা রশিদের ফটোকপি, ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি নিয়ে স্ব স্ব বিভাগে গিয়ে আবেদন ফরম ও রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করে ফরম পূরণ পূর্বক নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের ছবিটি আঠা দিয়ে লাগিয়ে পূরনকৃত ফরম, রেজিস্ট্রেশন কার্ড ও জমা রশিদের ফটোকপি বিভাগে জমা দিতে হবে।

ফরম পূরণের সময়সূচী ও ফিসের হার :

ফরম পূরণের সময় : নির্ধারিত তারিখ সকাল ৯.৩০ টা থেকে দুপুর ১.৩০ টা পর্যন্ত।

তারিখ	বার	অনার্স বিষয় (নিয়মিত, অনিয়মিত ও গ্রেডউন্নয়ন)	ফিসের হার (নিয়মিত ও অনিয়মিত)
২৩/০৫/২০১৮ খ্রি:	বুধবার	পদার্থ (২৭২০/-), রসায়ন (২৬০৫/-), উদ্ভিদ (২৯১০/-), প্রাণি (২৭১০/-), ভূগোল ও পরিবেশ (২৫২৫/-) ও গণিত (২৯২০/-)	
২৪/০৫/২০১৮ খ্রি:	বৃহস্পতিবার	বাংলা, ইংরেজি ও রাষ্ট্রবিজ্ঞান	১৮০০/-
২৭/০৫/২০১৮ খ্রি:	রবিবার	দর্শন, অর্থনীতি ও ব্যবস্থাপনা	১৮০০/-
২৮/০৫/২০১৮ খ্রি:	সোমবার	ই. ইতি. ও সংস্কৃতি, সমাজকর্ম ও হিসাববিজ্ঞান	১৮০০/-

ক) পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭-১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০১৮ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

যে সকল শিক্ষার্থী ২০১৪-১৫, ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে “C” “D” গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং “F” গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০১৭ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।


যে সকল শিক্ষার্থী ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৭ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম “D” গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ০১টি পড়ে ২০১৮ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

বিশেষ দ্রষ্টব্য : নির্ধারিত তারিখে অবশ্যই ফরম পূরণ করতে হবে।


অধ্যক্ষ
সরকারি হরগঙ্গা কলেজ
মুন্সিগঞ্জ।
সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ
আইডি-৪৫১৭